

## 💵 সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪৩৬

৩৯/ শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. সন্তান জন্ম নিলে নবজাতককে 'তাহনীক' করা খুরমা ইত্যাদি (চিবিয়ে তার মুখে 'বরকত' দেয়া) এবং (এ উদ্দেশ্যে) তাকে কোন সালিহ (পুণ্যবান) ব্যক্তির কাছে নিয়ে যাওয়া মুস্তাহাব। জন্মের দিনে নাম রাখা জায়েয। আবদুল্লাহ এবং ইবরাহীম ও অন্যান্য নবীগনের নামে নাম রাখা মুস্তাহাব

بَابِ اسْتِحْبَابِ تَحْنِيكِ الْمَوْلُودِ عِنْدَ وِلَادَتِهِ وَحَمْلِهِ إِلَى صَالِحٍ يُحَنِّكُهُ وَجَوَازِ تَسْمِيَتِهِ يَوْمَ وِلَادَتِهِ وَاسْتِحْبَابِ التَّسْمِيَةِ بِعَبْدِ اللَّهِ وَإِبْرَاهِيمَ وَسَائِرِ أَسْمَاءِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمْ السَّلَام

## আরবী

حَدَّتَنِي مُحَمَّدُ بْنُ سَهْلِ التَّمِيمِيُّ، وَأَبُو بَكْرِ بْنُ إِسْحَاقَ قَالاَ حَدَّتَنَا ابْنُ أَبِي مَرْيَمَ، حَدَّتَنَا مُحَمَّدٌ، \_ وَهُوَ ابْنُ مُطَرِّفٍ أَبُو غَسَّانَ \_ حَدَّتَنِي أَبُو حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، قَالَ أُتِي بِالْمُنْذِرِ بْنِ أَبِي أُسَيْدٍ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حِينَ وُلِدَ فَوَضَعَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم على الله عليه وسلم على الله عليه وسلم على فَخِذِهِ وَأَبُو أُسَيْدٍ جَالِسٌ فَلَهِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم بِشَيْءٍ بَيْنَ يَدَيْهِ فَأَمَرَ أَبُو أُسَيْدٍ بِابْنِهِ فَاحْتُمِلَ مِنْ عَلَى فَخِذِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ الله عليه وسلم فَقَالَ " أَيْنَ الصَّبِيُّ " . فَقَالَ وسلم فَأَتْلُوهُ فَاسْتَفَاقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " أَيْنَ الصَّبِيُّ " . فَقَالَ أَبُو أُسَيْدٍ أَقْلَبُوهُ فَاسْتَفَاقَ رَسُولُ اللَّهِ . فَقَالَ " مَا اسْمُهُ " . قَالَ فُلاَنٌ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " لَا وَلَكِنِ اسْمُهُ الْمُنْذِرُ " . فَسَمَّاهُ يَوْمَئِذٍ الْمُنْذِرَ .

## বাংলা

৫৪৩৬। মুহাম্মদ ইবনু সাহল তামীমী ও আবৃ বকর ইবনু ইসহাক (রহঃ) ... সাহল ইবনু সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মুন্যির ইবনু আবৃ উসায়দ (রাঃ) কে তাঁর জন্মের পরে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে আসা হল। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে তার রানের উপরে রাখলেন। আবৃ উসায়দ (রাঃ) (পাশে) বসা ছিলেন। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সামনের কোন কিছুতে মনোনিবেশ করলেন। আবৃ উসায়দ (রাঃ) তার ছেলের বিষয়ে (কাউকে) নির্দেশ করলেন। তাকে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর উপর থেকে তুলে নেয়া হল। তারা তাকে তুলে নেয়ার পর রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সচেতন হলেন এবং বললেন, শিশুটি কোথায়? আবৃ উসায়দ (রাঃ) বললেন, ইয়া রাসুলাল্লাহ! আমরা তাকে সরিয়ে নিয়েছি। তিনি জিজ্ঞাসা করলেন, তার নাম কি? তারা বলল, অমূক ইয়া রাসুলাল্লাহ! তিনি বললেনঃ না, বরং তার নাম



মুন্যির। এভাবে সেদিন তিনি তার নাম রাখলেন।

## **English**

Sahl b. Sa'd reported that Mundhir b. Aba Usaid was brought to Allah's Messenger (ﷺ) at the time of his birth Allah's. Apostle (ﷺ) placed him on his thigh and Abfi Usaid kept sitting there. Allah's Apostle (ﷺ) had been occupied with something else before him. Abu Usaid commanded his child to be lifted from the lap of Allah's Messenger (ﷺ) and so he was lifted. When Allah's Messenger (ﷺ) had finished the work he said:

Where is the child? Abd Usaid said: Allah's Messenger, we took him away. He said: What is his name? He said; Allah's Messenger, it is so and so, whereupon he (the Holy Prophet) said: Nay, his name is Mundhir, and named him Mundhir on that day.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন